মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে শিশু বলাৎকার মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) ভোররাত পর্যন্ত পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

সদর থানা ও গাংনী থানা পুলিশ এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে এসব অভিযান পরিচালিত হয়।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

বিস্ফোরক দ্রব্য নয়, ছিল বালি আর মাটি

কোনো বিস্ফোরক দ্রব্য নয়, মাটি আর বালি দিয়ে ভরা ছিল গাংনী উপজেলার বামন্দী বাজার থেকে উদ্ধার কিশোর গ্যাং এর নামে রাখা সেই বোমার ভিতর।

গাংনী থানা পুলিশের বোমা বিস্ফোরক অভিজ্ঞ টিম বোমাটি নিস্ক্রিয় করার পরে সেটাই মিললো কসটেপ মোড়ানো সেই কৌটা থেকে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এমনটিই জানিয়েছেন।

তিনি জানান, গভীর রাতে বামন্দী পুলিশ ফাঁড়িতে বোমা সাদৃশ্য বস্তুটি নিস্ক্রিয় করা হয়। এসময় দেখা যায় ওই বস্তুটির ভিতরে বালি ও কাঁদায় ভরা। কৌটার উপরে লাল টেপ মোড়ানো।

উল্লেখ্য, সোমবার সকালের দিকে বামন্দী বাজার থেকে লাল কসটেপ মোড়ানো একটি বোমা দেখে পুলিশকে খবর দিলে পুলিশ বোমাটি উদ্ধার করে ফাঁড়িতে নেন। বোমার গায়ে লেখা ছিল “সাবধান কিশোর গ্যাং”।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের সুখবর দিলেন ল্যাব এইড গ্রুপ

এবার ঢাকার স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের সুখবর দিলেন বাংলাদেশে আন্তর্জাতিক মানের বেসরকারি হাসপাতাল ল্যাব এইড গ্রুপ।

এখন থেকে প্রতি বছর এই এতিমখানার শিক্ষার্থীদের জন্য ২ লাখ টাকা প্রদানসহ শিক্ষার্থীদের যে কোনো ধরণের চিকিৎসাসেবা, পরীক্ষা নিরীক্ষা ও ওষধপত্র, ডাক্তারী ব্যবাস্থাপত্র এবং ল্যাব এইড কার্ডিয়াক হাসপাতাল ও ল্যাব এইড স্পেশালাইজড হাসপাতালে ভর্তির সুযোগ।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার ব্যবস্থাপনা কমিটির সভাপতি এমএএস ইমন মেহেরপুর প্রতিদিনকে এতথ্য নিশ্চিত করেছেন।

এবিষয়ে ল্যাব এইড গ্রুপের ব্যাবস্থাপনা পরিচালক ডাক্তার এএম শামীম স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার অধ্যক্ষ মো: জাকির হোসেন (শাহীন) কে গত ১০ নভেম্বর চিঠি দিয়ে জানিয়েছেন।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার ব্যবস্থাপনা কমিটির সভাপতি

এমএএস ইমন বলেন, ল্যাব এইড বাংলাদেশে আন্তর্জাতিক মানের একটি বেসরকারি হাসপাতাল। হাসপাতাল কর্তৃপক্ষ বাংলাদেশের আরেকটি ঐতিহ্যবাহি প্রতিষ্ঠান স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের জন্য সহায়তার হাত বাড়িয়েছেন। এজন্য এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাদের আমরা আন্তরিক মুবারকবাদ ও ধন্যবাদ জানাচ্ছি।

মেহেরপুর আমঝুপিতে জাতীয় সমবায় দিবস উদযাপন

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় সমবায় দিবস ২০২২ইং উদযাপন উপলক্ষে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক সোমবার সকাল ১০ টার দিকে এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) নীলা হাফিয়া। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার মোঃ আনিছুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের এ্যানিমেটর সাহিনুর রহমান সভায় সমবায় গঠন এর লক্ষ উদ্দেশ্য আদর্শ ফলাফল প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়ের সুযোগ সুবিধাসহ সরকারী সেবা বিভাগের সাথে সেবা গ্রহিতাদের সেতুবন্ধ নিয়ে বিশাদ আলোচনা করা হয়।

এসময় এলাকার বিভিন্ন সমবায় দলের প্রতিনিধি গণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাদ আহম্মেদ মানবাধিকার কর্মী।

বামন্দীতে ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি গাড়ি ও চালকের বিরুদ্ধে মামলা

গাংনীর বামন্দীতে জেলা ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি মোটরসাইকেল জব্দ ও পৃথক আইনে মামলা দায়ের হয়েছে।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামন্দী বাসস্ট্যান্ডে এই অভিযান চালানো হয়। মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকা ও চালকের

বৈধ কাগজপত্র, হেলমেট ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় তাদের বিরুদ্ধে পুলিশের পক্ষ থেকে মামলাগুলো দায়ের করা হয়। মামলা নিষ্পত্তি শেষে গাড়ি গুলো দেওয়া হবে বলে জানান ট্রাফিক পুলিশ।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন বলেন, বামন্দী বাজার এলাকায় জব্দকৃত গাড়ির কোনো বৈধ কাগজপত্র নেই, এছাড়া চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট নেই। তাই এসব গাড়ি জব্দ শেষে পৃথক ধারায় মামলা দেওয়া হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশ অফিস থেকে মামলা নিষ্পত্তি সাপেক্ষে গাড়ি গুলো নিজ নিজ মালিকের কাছে হস্তান্তর করা হবে।

মোটারসাইকেল গুলো বামন্দী পুলিশ ক্যাম্প হেফাজতে রাখা হয়েছে। অভিযানে সহযোগীতা করেন, টিএসআই সুলতান আলী, এটিএসআই ইয়াহিয়া ও বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ সহ অন্যান্য সদস্যরা।

হরিণাকুন্ডুতে বীর

মুক্তিযোদ্ধা রইস উদ্দীন খলিফাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীন খলিফা (৯৩)’র লাশ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

সোমবার দুপুর ২টায় উপজেলার গুড়পাড়া ভাতুড়িয়া গ্রামের জামে মসজিদ মাঠে জানাজার নামাজ এবং দাফন সম্পন্ন করা হয়।
জানাজায় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু। জানাজা শুরুর আগে তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ডঅফ অর্নার প্রদান করা হয়।

smart

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, শৈলকূপা উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম, জেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক আনিচুর রহমান খোকা, মহেশপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদ হোসেন, ঝিনাইদহ জেলা আাইনজীবী সমিতির সভাপতি রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক সামছুজ্জামান লাকী, পিপি ইসমাইল হোসেন, হরিণাকুন্ডু উপজেলার সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার রেজাউল করিম গেন্দা। কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, সাগান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোজাম্মেল হোসেন, দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদসহ জেলা উপজেলা পর্যায়ের বীরমুক্তিযোদ্ধা ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীন ঝিনাইদহ জেলা আওয়ামী যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াসমিনের পিতা।

বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীনের কফিনে রাষ্ট্রের পক্ষে গার্ড অফ অর্নার প্রদান করেন হরিণাকুন্ডু উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তানভীর আহমদ।

মৃত্যু কালে তিনি স্ত্রী, তিন কন্যা এবং এক পুত্রসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

দামুড়হুদায় শীতের আগাম প্রস্তুতি! উপজেলায় তেপ-তোষকের দোকানে ভিড়

শীত নিরাময় করতে উপজেলার বিভিন্ন স্থানের বাসিন্দারা আগাম প্রস্তুতি নিচ্ছেন। এ প্রস্তুতি নিতে উপজেলার লেপ-তোষকের দোকান গুলোতে ভীড় জমতে লক্ষ্য করা গেছে। ভীড়কে কেন্দ্র করে ব্যস্ত সময় পার করতে দেখা গেছে কারিগর সহ দোকান মালিকদেরকে।

দামুড়হুদা,উপজেলার প্রায় সকল লেপ- তোষকের দোকানে ক্রেতাদের উপস্থিতি থাকতে দেখা গেছে কমবেশি।কেউ যাচ্ছে ওর্ডার দিতে, আবার কেউ যাচ্ছেন নিদিষ্ট একাটা মাপ দিয়ে কেমন মজুরি পড়বে জানতে।অবশ্য এবছরে অনান্য মালামালের সাথে সাথে বেড়েছে লেপ তোষক তৈরির ব্যবহারের পন্য সামগ্রি।সেজন্য লেপের কাপড়, ফোম, মজুরির দামটাও একটু বেশি বলে বিক্রতা সহ ক্রেতাদের দাবি।

উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলা বাজারের লেপ ব্যবসায়ী আলী আজগার জানান, আমি প্রায় ২০ বছর ধরে
এ পেশায় নিয়োজিত। এবার শীতে দোকানে প্রচুর পরিমাণে মানুষের ভিড় হচ্ছে, কিন্তু দাম একটু বেশি হাওয়ায় কাস্টমার ফিরে যাচ্ছে। গত বারের তুলনায় এবার মালা মালের দাম বেশি,যে তুলা কিনতাম ১২০ টাকা কেজি সেই তুলা কিনতে হচ্ছে ২০০ টাকা কেজি,আর যে কাপড় কিনতাম ৩০ টাকা গজ, এখন কিনতে হচ্ছে ৬০ টাকা গজ,সুকলা কিনতাম ২০ কেজির ব্যাল্ট ৪০০ টাকা এখন কিনতে হচ্ছে ৭০০ টাকায়।

তিনি আরো বলেন, কারিগরদের আগে লেপ প্রতি হাজিরা দিতে হতো ২০০ থেকে ২৫০ টাকা, এবছরে দিতে হচ্ছে ৩০০ থেকে ৩৫০ টাকা।

কারিগর করিম হোসেন বলেন, আমি ১০ রকমের লেপ তোষক তৈরি করতে

পারি। সিঙ্গেল লেপ বিক্রি করছি সর্বনিম্ন ১০০০ থেকে ১৫০০ টাকা, ডাবল লেপ ১৫০০/৩০০০ টাকা। কিন্তু জিনিসের দাম একটু বেশি হাওয়ায় গতবারের তুলনায় এবার একটু বেচাকেনা কম হচ্ছে।

জয়রামপুর গ্রামের ডালিম হোসেন বলেন, আমি তিন টা লেপ তোষক অর্ডার দেওয়ার জন্য দোকানে গিয়ে ছিলাম কিন্তু এবারে দাম অনেক বেশি বলছে, দোকানদার বলছে আমরা কি করিবো যেমন দামে জিনিস পত্র কিনছি তেমন দামে বিক্রি করছি। তিনি আরো বলেন গত বছরে যে তোষক কিনে ছিলাম ১.৫০০ টাকায় এবার কিনতে হচ্ছে ২.৫০০ থেকে ৩.০০০ টাকায়।

সাবধান কিশোর গ্যাং হুমকী সংবলিত বোমা উদ্ধার

লাল কসটেপ মোড়ানো বোমা সাদৃশ্য কৌটার গায়ে লেখা সাবধান। মোটা অক্ষরে লেখা কিশোর গ্যাং। একটি বোমা সাদৃশ্য লাল কসটেপ মোড়ানো বস্তুু উদ্ধার করেছে পুলিশ।

কিশোর গ্যাং এর হুমকি দিয়ে লেখা চিরকুটে মোড়ানো বোমা সাদৃশ্য এই বস্তুটি সোমবার সকালের দিকে গাংনী উপজেলার বামন্দী বাজারের নাসিম ফল ভান্ডারের সামনে থেকে উদ্ধার করা হয়।

স্থানীয়দের দেওয়া খবরের ভিত্ত্বিতে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল বোমা সাদৃশ্য বস্তুটি উদ্ধার করেন। বোমা সাদৃশ্য বস্তুুটির গায়ে “কিশোর গ্যাং”। সাথে রয়েছে একটি চাঁদার চিরকুট।

বোমাটি উদ্ধারের পর ওই বাজারের বিভিন্ন দোকানের সিসিটিভি ফুটেজে দেখা গেছে, রাত ১২টার দিকে নীল রংয়ের পোশাক ও মাফলার পরিহিত এক ব্যক্তি বোমা সাদৃশ্য বস্তুটি রেখে চলে যায়। তবে ব্যবসায়িরা ভাবছেন, আতঙ্ক ছড়ানোর জন্যই এটি রাখা হতে পারে।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ ইসরাফিল হোসেন জানান, সকালে ব্যবসায়ি নাছিম তার ফলের দোকান খোলার সময় বোমা সাদৃশ্য

বস্তুটি দেখতে পায়। এসময় পুলিশে খবর দিলে, সেটি উদ্ধার করে পানিতে চুবিয়ে রাখা হয়েছে। সেই সাথে চিরকুটটি জব্দ করা হয়।

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আটক

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আজিজুল হক ডাকুকে আটক করেছে পুলিশ। আজিজুল হক ডাকু গাংনী পৌরসভা এলাকার চৌগাছা গ্রামের খোকন গাইনের ছেলে।

আজ সোমবার (১৪ নভেম্বর) ভোর রাতের দিকে গাংনী থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে সম্প্রতি একটি চুরির ঘটনায় সন্দেহভাজন হিসেবে তাকে আটক করে আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে চালান দেওয়া হয়েছে।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিএনপি নেতা আজিজুল হক ডাকুকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলে, আজিজুল ইসলাম চৌগাছা গ্রামে একজন ভাল মানুষ। তার বিরুদ্ধে একের পর এক মামলা দিয়েছে। আমি এই গ্রেফতারের নিন্দা জানাচ্ছি। অবিলম্বে তার মুক্তি দাবি করছি।

মুজিবনগরে গুডনেইবার্স এর

[redacted]

[redacted]

[redacted]